

তারিখ 7 MAY 2017
পৃষ্ঠা 8

সংবাদ

ভারতের শিক্ষা বৃত্তি প্রদান ৫৬ মুক্তিযোদ্ধার সন্তানকে

প্রতিনিধি, রাজশাহী

রাজশাহী বিভাগের ৫৬ মুক্তিযোদ্ধার সন্তানদেরকে বৃত্তি প্রদান করেছে ভারতীয় হাইকমিশন। গতকাল সকালে আনুষ্ঠানিকভাবে রাজশাহী চেম্বার অব কমার্সের ইন্ডাস্ট্রি মিশনায়তনে মুক্তিযোদ্ধা সন্তানদের চেক বিতারণ করা হয়।

ভারতীয় হাইকমিশনারের আয়োজনে রাজশাহীতে নিযুক্ত সহকারী ভারতীয় হাইকমিশনার অভিজিৎ চট্টপাখ্যায়ের সভাপতিত্বে বৃত্তির চেক তুলে দেন রাজশাহী সদর আসনের এমপি ফজলে হোসেন বাদশা।

এ সময় তিনি বলেন, ভারত বাংলাদেশ সম্পর্ক আদর্শের সম্পর্ক। মহান মুক্ত যুদ্ধের সময় ভারতীয় সেনারা বীর মুক্তিযোদ্ধাদের সঙ্গে প্রাপ্ত দিয়ে কাঁধে কাঁধ মিলিয়ে শক্রর সাথে মুক্তিযুদ্ধে মোকাবেলা করেছিলো। সেই সময়ের সঙ্গে আমাদের চলমান একান্তর প্রতীক।

রাজশাহীতে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার অভিজিৎ চট্টপাখ্যায় বলেন, আমরা আজ মুক্তিযোদ্ধাদের সন্তান সন্তদির শিক্ষা বৃত্তি প্রদানের জন্য কাজ করছি। ভারত সরকার ও বাংলাদেশে সম্পর্ক আরো জোরদার করতে মুক্তিযোদ্ধাদের সন্তানদের বৃত্তি প্রদানের কার্যক্রম শুরু করে ২০০৬ সালে।

মুক্তিযুদ্ধের ক্ষালারশিপ ক্ষিমে ১৫ কোটি টাকা রাখা হয়েছে। এই বৃত্তি চলমান রয়েছে। প্রতিবছর সেখান থেকে দারিদ্র্য মুক্তিযোদ্ধার সন্তানের বৃত্তি প্রদান করা হচ্ছে।

এ সময় আরও উপস্থিত ছিলেন, রাজশাহী মহানগর মুক্তিযোদ্ধা সংসদের কমান্ডার ডা. আবদুল মান্নান, রাজশাহী চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি মনিকুম্ভামান মনি ও কবিকুঞ্জের সভাপতি মুক্তিযোদ্ধা বুহুল আমিন প্রামাণিক।

মুক্ত যোদ্ধাদের সন্তানদের ক্ষালারশিপ প্রদানে ভারতীয় হাইকমিশনারের পক্ষে থেকে ৫৬ জনকে চেক প্রদান করা হয়। স্নাতক হিতৈষি ও চতুর্ব বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীরা এ বৃত্তির জন্য আবেদন করে যেসব মুক্তিযোদ্ধা পরিবারের মাসিক আয় ১৫ হাজার টাকার কম এমন পরিবারের ৫৬ শিক্ষার্থীদেরকে ২৪ হাজার টাকার বৃত্তি প্রদান করা হয়।